

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

www.nbr.gov.bd

তারিখ: ২৫ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণেচ্ছুক প্রার্থীগণের সুবিধার্থে ছুটির দিনে বিশেষ ব্যবস্থা নিয়েছে জাতীয় রাজস্ব বোর্ড

জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণেচ্ছুক প্রার্থীগণের সুবিধার্থে ছুটির দিনে অনলাইনে আয়কর রিটার্ন দাখিলের নিমিত্ত বিশেষ ব্যবস্থা নিয়েছে জাতীয় রাজস্ব বোর্ড। উক্ত নির্বাচনে অংশগ্রহণেচ্ছুক প্রার্থীগণের অনলাইনে রিটার্ন দাখিল সহজীকরণে জাতীয় রাজস্ব বোর্ডের উদ্যোগে ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট এর সহযোগিতায় ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিটসহ কার্যালয়ে “হেল্পডেক্স” চালু করা হয়েছে। উক্ত হেল্পডেক্স এ অনলাইনে রিটার্ন দাখিল সংক্রান্ত সেবা প্রদান করা হবে।

হেল্পডেক্স সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

তারিখ	সময়	স্থান
২৬/১২/২০২৫ খ্রি: (শুক্রবার)	দুপুর ২:০০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত	কর কমিশনারের কার্যালয় ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। ইঞ্জিনিয়ার্স ইন্সিটিউশন, বাংলাদেশ (আইইবি) লেভেল-৭ রমনা, ঢাকা।
২৭/১২/২০২৫ খ্রি: (শনিবার)	সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত	ঐ

উল্লেখ্য যে, আগামী ২৮/১২/২০২৫খ্রি: ও ২৯/১২/২০২৫ খ্রি: তারিখেও অফিস চলাকালীন উক্ত সেবা চালু থাকবে।

-জাতীয় রাজস্ব বোর্ড